

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৪, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
নীতিমালা

তারিখ : ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/২২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নং ৪৮.০০.০০০০.০১০.০২.০০৬.২০-২৭৮—মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১ অগ্রহায়ণ ১৪২৯
বঙ্গাব্দ/১৬ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত “বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-
বাজারসমূহের ইজারালক আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২২” এর নিম্নরূপ সংশোধন করা হইল, যথা:—

১। উপরি-উক্ত নীতিমালার—

- (ক) অনুচ্ছেদ ২ এর দফা (ঙ) প্রান্তিক্ষিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে ও দফা (চ) এর প্রান্তিক্ষিত
দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নৃতন দফা (ছ)
সংযোজিত হইবে, যথা:—
- “(ছ) ‘মুক্তিযোদ্ধা সংসদ সংশ্লিষ্ট বিবিধ কার্যক্রম’ অর্থ কোনো বিশেষ ক্ষেত্রে মুক্তিযুদ্ধ
বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক নির্ধারিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ঢ্রীড়
চক্র এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচনের প্রশাসনিক ব্যয়ভার নির্বাহ।”;
- (খ) অনুচ্ছেদ ৩ এর দফা (ক) এর প্রান্তিক্ষিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে ও দফা (খ) এর প্রান্তিক্ষিত
দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নৃতন দফা (গ)
সংযোজিত হইবে, যথা:—
- “(গ) মুক্তিযোদ্ধা সংসদ সংশ্লিষ্ট বিবিধ কার্যক্রম।

নোট: দফা (গ) তে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয়তার নিরিখে
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী’র অনুমোদনক্রমে এই খাতে অর্থ বরাদ্দ প্রদান
করা যাইবে।”;

(১১৯১৩)

মূল্য : টাকা ৮.০০

(গ) অনুচ্ছেদ ৮ এর—

(অ) উপ-অনুচ্ছেদ (২) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছু থাকুক না কেন, বিশেষায়িত হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের জটিল রোগের চিকিৎসা বা মূর্মুর ঝোগীর জরুরি অপারেশন ও চিকিৎসার ক্ষেত্রে ৭৫,০০০/- পঁচাত্তর হাজার) টাকার অতিরিক্ত অর্থের প্রয়োজন হইলে উক্ত বিশেষায়িত হাসপাতাল কর্তৃপক্ষ কোনো বীর মুক্তিযোদ্ধার চিকিৎসা বাবদ সর্বমোট বাণিজ্যিক সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিনি লক্ষ) টাকা পর্যন্ত ব্যয় করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, চিকিৎসা সেবা প্রদানের পর এতদ্বারণে ব্যয় বিবরণী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে।”;

(আ) উপ-অনুচ্ছেদ (৮) এর পর নিম্নরূপ নৃতন উপ-অনুচ্ছেদ (৯) সংযোজিত হইবে, যথা :—

“(৯) এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকালে, চিকিৎসা সেবার মান ও ব্যয় যাচাই এর উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক কমিটি গঠন করা যাইবে এবং উক্ত কমিটির সদস্যগণকে সভায় অংশগ্রহণের জন্য, সংশ্লিষ্ট হাসপাতালের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হইতে, পরিপত্র দ্বারা নির্ধারিত হারে সম্মান প্রদান করা যাইবে।”;

(ঘ) অনুচ্ছেদ ৫ এর—

(অ) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত ২,০০,০০০/- (দুই লক্ষ) শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে ৩,০০,০০০/- (তিনি লক্ষ) শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত এবং “মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(আ) উপ-অনুচ্ছেদ (২) ও (৬) বিলুপ্ত হইবে;

(ঙ) পরিশিষ্ট-ক এর ক্রমিক নং ২১ এ উল্লিখিত “জাতীয় হাদরোগ ফাউন্ডেশন হাসপাতাল এবং গবেষণা ইনসিটিউট, মিরপুর, ঢাকা” শব্দগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল এন্ড রিসার্চ ইনসিটিউট, মিরপুর-২, ঢাকা” শব্দগুলি, চিহ্নগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে; এবং

(চ) পরিশিষ্ট-খ এর বিদ্যমান ক্রমিক ৮ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক ৮ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৮। বীর মুক্তিযোদ্ধার সমন্বিত তালিকা নম্বরঃ”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

আদেশক্রমে

ইসরাত চৌধুরী
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চামুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd